



জেলাপরিষদ কার্যালয়

মেহেরপুর


(www.zpmeherpur.gov.bd)

“ অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি ”

জেলাপরিষদ, মেহেরপুর এর রাজস্ব তহবিল হতে ২০২৫-২০২৬ অর্থবছরে বাজেট বরাদ্দের আওতায় মেহেরপুর জেলার স্থায়ী অধিবাসী অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থী যারা ২০২৪ সালে এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় এবং ২০২৫ সালে এসএসসি/সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে জেলাপরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :-

- ০১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ০২। আবেদনকারী ছাত্র-ছাত্রীকে ২০২৪ ও ২০২৫ সালের অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় এবং ২০২৫ সালের অনুষ্ঠিত এসএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৮০ থাকতে হবে।
- ০৩। আবেদনপত্রের নমুনা ফরম www.zpmeherpur.gov.bd ওয়েবসাইট অথবা জেলাপরিষদ, মেহেরপুর এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ০৪। নির্ধারিত ফরমে আবেদন পত্র আগামী ১২-১০-২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে জেলাপরিষদ, মেহেরপুর এর কার্যালয়ে পৌছাতে হবে। ধার্য তারিখের পরে কোন আবেদন গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৫। আবেদনপত্রের সঙ্গে মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সুপারিশ ও প্রত্যয়নপত্র, নাগরিকত্ব সনদের মূলকপি এবং অভিভাবকের আয়ের উৎস ও বার্ষিক আয় বিষয়ক প্রত্যয়নপত্র (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক স্বাক্ষরিত) অবশ্যই সংযুক্ত করতে হবে। আবেদন পত্র স্বহস্তে পূরণ করতে হবে। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিল বা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৭। বিস্তারিত তথ্যাদি প্রয়োজনে জেলাপরিষদ, মেহেরপুর এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।



(মোঃ সামিউল হক)

প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, মেহেরপুর।

ফোনঃ ০২৪৭৭৭৯২৪০৮(অফিস)

e-mail-zpmeherpur@ltd.gov.bd